

৬৫৩১ জনের ফল বাতিলের বিরুদ্ধে আপিল শুনানি আজ

প্রাথমিকে শিক্ষক নিয়োগ

নিজস্ব প্রতিবেদক

০২ মার্চ ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে তৃতীয় ধাপে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে নিয়োগের চূড়ান্ত ফলাফল বাতিল করে রায় দিয়েছেন হাইকোর্ট। এতে ৬ হাজার ৫৩১ জন প্রার্থীর ফলাফল বাতিল হয়। ওই রায় স্থগিত চেয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সুপ্রিমকোর্টের আপিল বিভাগে আবেদন করে, যার শুনানি আজ রবিবার অনুষ্ঠিত হবে। শুনানিটি সুপ্রিমকোর্টের আপিল বিভাগের পূর্ণাঙ্গ ও নিয়মিত বেঞ্চে হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের করা আবেদনের ওপর শুনানি নিয়ে গত ১৮ ফেব্রুয়ারি আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হক চেম্বার জজ আদালত আদেশ দেন। এদিন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পক্ষে উপস্থিত ছিলেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান এবং রিট আবেদনকারীদের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী জয়নুল আবেদীন। তাকে সহযোগিতা করেন আইনজীবী কামরুজ্জামান ভূঁইয়া ও ফয়েজ উদ্দিন আহমেদ। এর আগে হাইকোর্ট ৬ ফেব্রুয়ারি চূড়ান্ত শুনানি শেষে ৬ হাজার ৫৩১ জনের ফলাফল বাতিল ঘোষণা করে এবং মেধার ভিত্তিতে ২৩ জুলাই ২০২৩-এর পরিপত্র অনুসারে নতুন করে ফলাফল প্রকাশের নির্দেশ দেয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এই রায় স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করে, যা ১৬ ফেব্রুয়ারি চেম্বার জজ আদালতে উপস্থাপন করা হয়। তবে সেদিন শুনানি না হয়ে ১৮ ফেব্রুয়ারির জন্য সময় নির্ধারণ করা হয়।

২০২৩ সালের ১৪ জুন প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ভিত্তিতে ৩১ অক্টোবর ৬ হাজার ৫৩১ জনের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ১১ নভেম্বর আদেশ জারি করে ২০ নভেম্বর তাদের নিয়োগপত্র ইস্যু করার কথা জানায়। তবে কোটা অনুসরণসংক্রান্ত অভিযোগ

তুলে ৩১ জন নিয়োগবঞ্চিত প্রার্থী হাইকোর্টে রিট করেন। ১৯ নভেম্বর হাইকোর্ট প্রাথমিক শুনানি শেষে রুল জারি করে এবং ৩১ অক্টোবর ও ১১ নভেম্বরের সিদ্ধান্ত স্থগিত করে। রুলে জানতে চাওয়া হয়, কেন ৩১ অক্টোবরের ফলাফল প্রকাশের বিজ্ঞপ্তি এবং ১১ নভেম্বরের নিয়োগসংক্রান্ত নির্দেশনা আইনগত কর্তৃত্ববিহীনতায় ঘোষণা করা হবে না। বিবাদীদের এই রুলের জবাব দিতে বলা হয়েছে।